



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

কার্যালয় : আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট।

স্মারক নং- সিশিবো/পরীক্ষক/২০২৬/৯৩২

তারিখ : ২৪ চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ
০৭ এপ্রিল, ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয় : এসএসসি ও এইচএসসি পরীক্ষায় পরীক্ষক নিয়োগের লক্ষ্যে শিক্ষকগণের তথ্য অনলাইনে অন্তর্ভুক্তিকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৬ সাল থেকে এসএসসি ও এইচএসসি পরীক্ষায় বোর্ডের পরীক্ষক হতে আগ্রহী শিক্ষকগণের প্রয়োজনীয় তথ্য নিম্নোক্ত উপায়ে eTIF এর মাধ্যমে আগামী ২০/০৪/২০২৬ তারিখের মধ্যে অন্তর্ভুক্তকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


আবেদন করার নিয়মাবলী :

- ১। বোর্ডের esheba হতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের User Id ও Password দিয়ে Login করে eTIF এ ক্লিক করে প্রতিষ্ঠান প্রধান পরীক্ষক হতে আগ্রহী শিক্ষকগণের নাম, এনআইডি ও মোবাইল নম্বর এন্ট্রি করে Add করতে হবে।
- ২। তালিকাভুক্ত শিক্ষকগণের মোবাইলে SMS এর মাধ্যমে প্রাপ্ত Id ও Password ব্যবহার করে বোর্ডের ওয়েবসাইটের eTIF এ Login করে প্রত্যেক শিক্ষক তাঁর চাহিত সকল তথ্য এন্ট্রি করে সাবমিট করবেন।
- ৩। প্রতিষ্ঠান প্রধান পুনরায় esheba ম্যানুতে প্রবেশ করে eTIF এ অন্তর্ভুক্ত শিক্ষকগণের সকল তথ্য সঠিকভাবে যাচাই-বাছাইপূর্বক Approved বাটনে ক্লিক করবেন।
- ৪। আবেদনকারী শিক্ষকগণ প্রয়োজনে Id ও Password ব্যবহার করে তাঁর আবেদনের অবস্থান সম্পর্কে নিশ্চিত হতে পারবেন।

উল্লেখ্য, ইতোপূর্বে যে সকল শিক্ষকগণ পরীক্ষকের তালিকায় অন্তর্ভুক্ত রয়েছেন তাঁদেরকেও নতুন করে আবেদন করতে হবে।

বিষয়টি অতীব জরুরী।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে


০৭.০৪.২০২৬

(প্রফেসর বিলকিস ইয়াছমীন)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

প্রধান শিক্ষক/অধ্যক্ষ

সিলেট বোর্ডের আওতাধীন মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের সকল প্রতিষ্ঠান।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :

- ১। সিস্টেম এনালিস্ট, অত্র শিক্ষা বোর্ড।
- ২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
- ৩। অফিস কপি।